কালের কণ্ঠ

তারিখ : 25 AUG 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# স্থগিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের কয়েকটি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷

দেশের বন্যা পরিস্থিতির কথা বিবেচনা করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সালের ডিগ্রি পাস ও ২০১৬ সালের অনার্স চতুর্থ বর্ষের আগামী ২৬ থেকে ২৯ আগস্টের পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরিবর্তিত সময়সূচি শিগগিরই জানানো হবে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর এ তথ্য জানিয়েছে।

অন্যদিকে বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রগ্রামে ভর্তি পরীক্ষায় (লিখিত) উত্তীর্ণদের ভাইভা (আর্টস গ্রুপ ১২ সেপ্টেম্বর, সোশ্যাল সায়েন্স গ্রুপ ১৩ সেপ্টেম্বর, ন্যাচারাল সায়েন্স গ্রুপ ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স গ্রুপ ১৪ সেপ্টেম্বর এবং বিজনেস স্টাডিজ গ্রুপ ১৭ সেপ্টেম্বর) নির্ধারিত দিনে সকাল ১১টা থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। নির্ধারিত দিনে পরীক্ষার্থীদের গবেষণা প্রস্তাবনা এবং সব পরীক্ষার সনদ, নম্বরপত্রসহ উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে।